



বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়

৮৩-৮৫, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।

এসএমই বিভাগ

www.krishibank.org.bd

নং-বিকেবি-প্রকা-এসএমই বিভাগ-১১(১)/২০২৩-২০২৪/ ৩৫৩ (২৮০)

তারিখঃ ১৬/০৫/২০২৪

মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়সমূহ/স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।

উপমহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ।

সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক।

সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)

বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয়ঃ নারী উদ্যোক্তাদের জন্য স্মল খাতে পুনঃঅর্থায়ন ক্ষিমকে অধিকতর গতিশীল করার লক্ষ্যে মাঠ পর্যায়ে ঋণ প্রবাহ বৃদ্ধিকরণ প্রসঙ্গে।

মহোদয়,

দেশে ক্ষুদ্র শিল্প ও ব্যবসায়িক কর্মকাণ্ড সম্প্রসারণের মাধ্যমে কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে নারী উদ্যোক্তাদের জন্য স্মল এন্টারপ্রাইজ পুনঃঅর্থায়ন ক্ষিমটি চলমান রয়েছে। এ ক্ষিমের আওতায় কুটির, মাইক্রো ও ক্ষুদ্র উদ্যোগে উৎপাদনশীল শিল্প, সেবা ও ব্যবসা খাতে প্রদত্ত ঋণের বিপরীতে পুনঃঅর্থায়ন সুবিধা প্রদান করা হচ্ছে। তহবিলের প্রাপ্যতা থাকা সাপেক্ষে আলোচ্য ক্ষিম হতে বাংলাদেশ ব্যাংক কর্তৃক প্রদত্ত ঋণের বিপরীতে শতভাগ পুনঃঅর্থায়ন প্রদান করা হয়। এক্ষেত্রে উৎপাদনশীল শিল্প ও সেবা খাতে বিতরণকৃত ঋণসমূহকে অগ্রাধিকার প্রদান করা হয়। উক্ত তহবিলের আওতায় পুনঃঅর্থায়ন প্রদানের সীমা সর্বনিম্ন ১০ হাজার টাকা হতে সর্বোচ্চ ৫০ লক্ষ টাকা ও গ্রাহক পর্যায়ে সুন্দের হার ৫.০০ শতাংশ। এছাড়াও বিতরণকৃত ঋণ যথাসময়ে সমন্বয়/আদায়/পরিশোধে উৎসাহিত করার লক্ষ্যে বাংলাদেশ ব্যাংক কর্তৃক এবং গ্রাহক প্রত্যেককে ১% হারে প্রগোদনা সুবিধা প্রদান করা হয়। এক্ষণে, ব্যাংক ব্যবস্থাপনা কর্তৃপক্ষ উক্ত পুনঃঅর্থায়ন ক্ষিমকে অধিকতর গতিশীল করার লক্ষ্যে এ খাতে মাঠ পর্যায়ে ঋণ প্রবাহ বৃদ্ধিকরণের নির্দেশনা প্রদান করেছেন।

০২। এমতাবস্থায়, বাংলাদেশ ব্যাংকের সিএমএসএমই অর্থায়ন সংক্রান্ত মাস্টার সার্কুলার এ বর্ণিত ও অন্ত ব্যাংকের প্রচলিত বিধিবিধান পরিপালন সাপেক্ষে নারী উদ্যোক্তাদের জন্য স্মল এন্টারপ্রাইজ পুনঃঅর্থায়ন ক্ষিমের আওতায় মাঠ পর্যায়ে ঋণ প্রবাহ বৃদ্ধিকরণের লক্ষ্যে চলতি অর্থবছরের অবশিষ্ট সময়ের মধ্যে প্রতিটি শাখাকে কমপক্ষে ০১ (এক) টি ঋণ প্রদানের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত

(আ. ন. ম. বজ্রুল করিম)

উপমহাব্যবস্থাপক

ফোনঃ ০২৪৭-১২০১৬৬

ই-মেইল: dgmsme@krishibank.org.bd

নং-বিকেবি-প্রকা-এসএমই বিভাগ-১১(১)/২০২৩-২০২৪/ ৩৫৩ (২৮০)

তারিখঃ ১৬/০৫/২০২৪

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১, ২, ৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দণ্ডর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৪। অধ্যক্ষ, বিকেবি, স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
- ০৫। সকল উপমহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৬। উপমহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। উপরোক্ত প্রতিটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ০৭। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
- ০৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
- ০৯। নথি/মহানথি।

(মোঃ পারভেজ কাওসার সরকার)
সহকারী মহাব্যবস্থাপক